এই শ্রাবণের বুকের ভিতর আগুন আছে।
সেই আগুনের   কালোরূপ যে   আমার চোখের 'পরে নাচে ॥
ও তার   শিখার জটা ছড়িয়ে পড়ে   দিক হতে ওই দিগন্তরে,
তার   কালো আভার কাঁপন দেখো তালবনের ওই গাছে গাছে ॥
বাদল-হাওয়া পাগল হল সেই আগুনের হুহুঙ্কারে।
দুন্দুভি তার বাজিয়ে বেড়ায় মাঠ হতে কোন্ মাঠের পারে।
ওরে,   সেই আগুনের পুলক ফুটে   কদম্ববন রঙিয়ে উঠে,
সেই আগুনের বেগ লাগে আজ আমার গানের পাখার পাছে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Style: Baul
Visit www.geetabitan.com for notation and other detail